গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

নং-৮০.২০০.০৬০.০০.০০.০৭.২০১৬ তারিখ ঃ / /২০১৬খ্রিঃ।

বিষয় ঃ ৩৫তম বিসিএস এর মৌখিক পরীক্ষার সাক্ষাৎকারপত্র।

৩৫তম বিসিএস পরীক্ষা, ২০১৪ এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী ...., রেজিস্ট্রেশন নং-:............................ কে নিম্নে উল্লিখিত তারিখ, সময় ও স্থানে মৌখিক পরীক্ষার জন্য উপস্থিত হতে অনুরোধ করা যাচ্ছে ঃ

তারিখ ঃ .... **খ্রিঃ। সময় ঃ সকাল ১০-০০ টা। স্থান ঃ** বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

২। এই সাক্ষাৎকারপত্রটি এবং ৩৫তম বিসিএস এর প্রিলিমিনারি টেস্ট-এর জন্য অনলাইন-এ প্রাপ্ত ফটো সংযুক্ত প্রবেশপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।

৩। (ক) ৩৫তম বিসিএস এর জন্য নির্ধারিত কমিশনের website-এ প্রদত্ত একটি BPSC Form-3 মৌখিক পরীক্ষাসূচির বিজ্ঞপ্তির ৪ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী অনলাইন-এ বাংলায় পূরণ করতে হবে। পূরণকৃত Form-3 এর দুইটি কপি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।

(খ) প্রার্থীকে কমিশনের **www.bpsc.gov.bd** ওয়েবসাইট থেকে ৩৫তম বিসিএস এর জন্য নির্ধারিত একটি **'বিপিএসসি ফরম-২'** ডাউনলোড করে উক্ত ফরম-২ এর সকল কলাম/অনুচ্ছেদ ইত:পূর্বে কমিশনে জমাকৃত **'বিপিএসসি ফরম-২'** তে প্রদত্ত অভিন্ন তথ্য দিয়ে যথাযথভাবে পূরণ করে এই পত্রের ৪(ক) থেকে (ণ) নং অনুচ্ছেদে উল্লিখিত কাগজপত্রের সত্যায়িত কপি, প্রার্থীর তথ্য, ছবি ও স্বাক্ষর সংবলিতApplicant's copy এবং পূরণকৃত **প্রাক্ চাকরি বৃত্তান্ত** ফরম-এর কপিসহ **বিপিএসসি ফরম-২** এর একটি সেট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই জমা দিতে হবে।

৪। **নিম্নলিখিত কাগজপত্র মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত আধা ঘণ্টা (৩০ মিনিট) পূর্বে কমিশনের সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে ঃ-**

(ক) বয়স প্রমাণের জন্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষার মূল অথবা সাময়িক সার্টিফিকেট এবং এর একটি সত্যায়িত ফটোকপি ;

(খ) বর্তমানে কোনো সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত/স্থানীয় সরকার সংস্থার চাকরিতে নিযুক্ত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ হতে প্রাপ্ত ছাড়পত্র (Clearance Certificate) (যা ৩৫তম বিসিএস এর মূল আবেদনপত্রের (বিপিএসসি ফরম-২) সাথে website হতে প্রার্থীগণ ডাউনলোড করে সংগ্রহ করেছেন।)

(গ) কোনো প্রার্থী আবেদনপত্র (বিপিএসসি ফরম-২) জমাদানের পর লিখিত ও মৌখিক পরীক্ষার পূর্বে কোনো সরকারী/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/ স্থানীয় সরকার সংস্থায় চাকরিতে যোগদান করলে বা চাকরি থেকে ইস্তফা দান করলে বা চাকরি থেকে অপসারিত হলে মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্র/গৃহীত ইস্তফাপত্র/অপসারণ আদেশের মূল কপি ও সত্যায়িত কপি দাখিল করতে হবে;

(ঘ) শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয় প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সার্টিফিকেট এর মূলকপি এবং এর এক সেট সত্যায়িত ফটোকপি। বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের মূল/সাময়িক সার্টিফিকেট-এর পরিবর্তে অন্য কোনো সার্টিফিকেট বা প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয় ;

(ঙ) যে সকল প্রার্থী অবতীর্ণ (Appeared) প্রার্থী হিসেবে শর্তসাপেক্ষে আবেদন করেছেন তাদের ক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ের সকল লিখিত পরীক্ষা ৩৫তম বিসিএস পরীক্ষার আবেদনপত্র গ্রহণের শেষ তারিখের মধ্যে (৩০/১০/২০১৪) সম্পূর্ণরূপে শেষ হয়েছে মর্মে সংশ্লিষ্ট পরীক্ষা নিয়ন্ত্রক/বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় চেয়ারম্যান বা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত পরীক্ষা শুরু ও শেষ হওয়ার তারিখ সংবলিত মূল প্রত্যয়নপত্র ও এর সত্যায়িত ফটোকপি ;

(চ) ৪ বছর মেয়াদি অনার্স ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদে/টেস্টিমোনিয়াল-এ যদি ৪ বছর মেয়াদি কোর্স উল্লেখ না থাকে তবে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূল কপি এবং এর একটি সত্যায়িত ফটোকপি ;

(ছ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যাদের পুত্র-কন্যা প্রার্থীদের জন্য পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযুদ্ধে অংশগ্রহণের প্রমাণস্বরূপ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদের মূল সনদপত্র এবং এর ২টি সত্যায়িত ফটোকপি **অথবা ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের মূল কপি এবং এর ২টি সত্যায়িত ফটোকপি ;**

(জ) মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত কপির সাথে ভিন্ন ভিন্ন ভাবে মুক্তিযোদ্ধা সনদধারীর জন্ম তারিখ সংবলিত এসএসসি/সমমানের সনদের সত্যায়িত ফটোকপি, এসএসসি পাস না হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সার্টিফিকেট/বয়স প্রমাণের দালিলিক প্রমাণের কপি এবং মুক্তিবার্তা/গেজেটের নম্বর সংবলিত ২টি করে সত্যায়িত কপি। মুক্তিযোদ্ধা সনদ ২টির উপর প্রার্থীর বয়স, রেজিস্ট্রেশন নম্বর,মুক্তিযোদ্ধা সনদধারীর পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর জন্ম তারিখ এবং মুক্তিবার্তা/গেজেটের নম্বর নির্ভুল এবং স্পষ্ট অক্ষরে লিখতে হবে;

(ঝ) এমবিবিএস/বিডিএস ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিএমডিসি কর্তৃক প্রদত্ত মূল রেজিস্ট্রেশন সনদ এবং ডিভিএম ডিগ্রিধারীদের ক্ষেত্রে ভেটেরিনারি কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সনদ এর একটি সত্যায়িত ফটোকপি। আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানার সাথে বিএমডিসি/ভেটেরিনারি কাউন্সিল এর সনদে উল্লিখিত ঠিকানায় পরিবর্তন হয়ে থাকলে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার চেয়ারম্যান, স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার, নোটারি পাবলিক অথবা প্রথম শ্রেণির সরকারী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত এ সংক্রান্ত মূল সনদ এবং একটি সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থাপন করতে হবে ;

(ঞ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে তাদের দাবির যথার্থতা প্রমাণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত মূল সার্টিফিকেট এবং এর একটি সত্যায়িত ফটোকপি। **অতিরিক্ত জেলা প্রশাসক কর্তৃক স্বাক্ষরিত সনদ গ্রহণযোগ্য নয়;**

(ট) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের ১২/০১/২০১২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.০৭.০৫৭.১১-১৫ নং সার্কুলার অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী পরিচয়পত্রের মূলকপি এবং এর একটি সত্যায়িত ফটোকপি ;

(ঠ) **প্রাক্ চাকরি বৃত্তান্ত যাচাই ফরম (পুলিশ ভেরিফিকেশন ফরম) কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট থেকে ডাউনলোড করে ফরম-এর সকল তথ্য পূরণ করে সংশ্লিষ্ট কাগজপত্রসহ ফরম-এর তিন কপি মৌখিক পরীক্ষার দিন সংশ্লিষ্ট বোর্ডে দাখিল করতে হবে;**

(ড) **আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট জমা দিতে হবে;**

(ঢ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীদের পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদে উল্লিখিত ঠিকানা আবেদনপত্রে **'বিপিএসসি ফরম-২'** উল্লিখিত স্থায়ী ঠিকানা হতে ভিন্ন হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌর চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র জমা দিতে হবে ;

(ণ) সাক্ষাৎকারসূচির ৩নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী বাংলায় পূরণকৃত ও স্বাক্ষরিত BPSC Form-3 এর ২টি কপি।

৫। **লক্ষ্য করুন ঃ ৩ নং অনুচ্ছেদ অনুযায়ী সকল কাগজপত্রসহ পূরণকৃত 'বিপিএসসি ফরম-২' এবং প্রতিটি সার্টিফিকেট-এর মূলকপির সাথে একটি করে সত্যায়িত ফটোকপি আনতে বলা হয়েছে, পূরণকৃত ফরম-২ এবং ফটোকপিসমূহ কমিশনের নথিতে রাখা হবে। অন্যান্য সকল প্রয়োজনীয় কাগজপত্র এবং ছাড়পত্র সাথে আনতে হবে। রওয়ানা দেবার আগে কাগজপত্র সতর্কতার সাথে চেক করে নিবেন। উল্লেখ্য, সত্যায়িত ফটোকপিসমূহ একটি আলাদা সেট করে প্রত্যেক সেটের উপরে প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখে মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।**

৬। কমিশনের মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হওয়ার জন্য কোনো প্রকার ভ্রমণ ভাতা বা অন্য কোনো ভাতা প্রদান করা হবে না।

৭। মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) প্রার্থীর জন্য মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ এবং ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।

৮। প্রার্থী কর্তৃক কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) কমিশনের কোনো কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ ।

৯। মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা হবে না।

(আ. ই. ম. নেছার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
ফোন ঃ ৫৫০০৬৬৪৪।

(পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন; চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে)

BCS_Viva card-Jahid.doc